গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

## বিষয়: অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ইব্রাহিম খলিল, যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা। |
| সভার তারিখ | : | ১৯.০১.২০১৬ খ্রিঃ সকাল ১০.৩০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৮০৪ বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |

২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি ৪.১.২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সভায় তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেব উপস্থিত থাকা যুগ্মসচিব (চলচ্চিত্র) তার সূচনা বক্তব্য প্রদানের জন্য আহ্ববান করেন। যুগ্মসচিব (চলচ্চিত্র) সভায় জানান অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক জাতীয় পর্যায়ে স্টিয়ারিং কমিটির সভায় পাঁচটি মন্ত্রণালয়কে লীড মন্ত্রণালয় হিসেবে অবহিত করা হয়েছে। মন্ত্রণালয় গুলো হলোঃ ১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ২। সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ৩। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ৪। শিক্ষা মন্ত্রণালয় ও ৫। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। সভায় Time bound Action Plan নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন মন্ত্রণালয় পর্যায়ে প্রস্তুতকৃত Action Plan আরো Smart করার জন্য ০২ (দুই) সপ্তাহ সময় প্রদান করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উহা প্রস্তুত করত: স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের অটিজম সেলে প্রেরনের জন্য সভায় অনুরোধ জানানো হয়েছে। সভায় এই অভিমত ব্যক্ত করা হয়েছে যে কোন মন্ত্রণালয় যদি কোন বিষয়ে আলোচনার/ সহযোগিতার প্রয়োজন হয় তবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অটিজম সেলের সহযোগিতা গ্রহণ করতে পারেন। সভায় নিজস্ব বাজেটে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ে জনগনকে সচেতন করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে আহ্ববান জানানো হয়। একান্ত প্রয়োজন হলে পাঁচ বছরে কি পরিমান টাকা প্রয়োজন হতে পারে Action Plan সহ একটি বাজেট আগামী ২৩.০১.২০১৬ তারিখের ভিতর মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।

যুগ্মসচিব (চলচ্চিত্র) এর সূচনা বক্তব্য দেয়ার পর সভাপতি দপ্তর/অধিদপ্তর/সংস্থার অটিজম সংক্রান্ত ফোকাল পয়েন্টদের বক্তব্য প্রদানের আহ্ববান জানান:-

(ক) বিটিভি: প্রথমেই বিটিভি'র ফোকাল পয়েন্ট বলেন যে বাংলাদেশ টেলিভিশন অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সমস্যার উপর নিয়মিত অনুষ্ঠান প্রচার করে আসছে। যেমন:- আমরাও পারি, আধাঁরে আলো, স্পর্শ, অটিস্টিক শিশু/ ব্যক্তিদের নিয়ে ম্যাগাজিন অনুষ্ঠান, বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান, প্রামান্য অনুষ্ঠান,

প্রতিবন্ধিতা ও দূর্যোগ ঝুকি ব্যবস্থাপনা শীর্ষক সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান, পবিত্র ঈদ-উল-ফিতর ও আযহা উপলক্ষ্যে অটিস্টিক শিশুদের নিয়ে বিশেষ ম্যাগাজিন অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে। এছাড়া বাজেট প্রাপ্তি উপলক্ষে ডকু-ডামা, পাপেট শো, টিভি ফিলার, প্রামান্য অনুষ্ঠান, নাটক, গান, জিঙ্গেল ইত্যাদি প্রচার করা যেতে পারে।

(খ) বাংলাদেশ বেতার: বাংলাদেশ বেতারের ফোকাল পয়েন্টও একমত পোষন করে বলেন, বাংলাদেশ বেতার অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ের উপর নিয়মিত অনুষ্ঠান প্রচার করছে যেমন, গান, জারী, জিঙ্গেল, ফিলার, বহিরাঙ্গন ইত্যাদি। এছাড়া বাজেট প্রাপ্তি সাপেক্ষে আরো বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা যেতে পারে।

(গ) পিআইডি: তথ্য অধিদপ্তরের ফোকালপয়েন্ট বলেন, আমার পত্রিকায় ফিচার লিখছি। বাজেট পাওয়া গেল আরো অধিক হারে ফিচার লেখা, স্পট ভিজিট, সাংবাদিকদের নিয়ে সেমিনার করা যেতে পারে যা আটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ে জনগণকে সচেতন করা যায়।

(ঘ) গনযোগাযোগ: গনযোগাযোগ অধিদপ্তরের ফোকাল পয়েন্ট বলেন আটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ের উপর ট্রেনিং/ওয়ার্কশপ করা যেতে পারে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে ৬৪ টি জেলায় ও উপজেলা/থানায়/ইউপি চেয়ারম্যান/মেম্বার ও নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ নিয়ে উঠান বৈঠক করা যেতে পারে। এছারা থানা সদরে লীড Ministry Short Film তৈরী করে দিলে তা প্রচারের ব্যবস্থা করা যায়।

(ঙ) নিমকো: নিমকোর প্রতিনিধি জানান আমাদের প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।বাজেট বরাদ্দ থাকলে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক বিশেষজ্ঞ দ্বারা প্রশিক্ষণ দেয়া যেতে পারে।

(চ) বিসিটিআই: বিসিটিআই এর প্রতিনিধি বলেন এ প্রশিক্ষণ ইনস্টিটিউটে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ের উপর প্রশিক্ষন গ্রহণের ব্যবস্থা করা হবে। এতে অতিরিক্ত বাজেট বরাদ্দের প্রয়োজন হবে না।

(ছ) ফিল্ম আর্কাইভ: ফিল্ম আর্কাইভ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান বাজেট প্রাপ্তি সাপেক্ষে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ের উপর নির্মিত বিভিন্ন ফিল্ম সংগ্রহ করা যেতে পারে।

(জ) পিআইবি: পিআইবি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান গণমাধ্যম কর্মীদের অটিজম বিষয়ক সংক্রান্ত সংবাদ/ফিচার প্রকাশে উদ্বুদ্ধ করা যেতে পারে। অটিজম বিষয় ক্লিপিং ফিলিপিং সংরক্ষণ, পাঠকের সচেতনতা বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ প্রদান ও ফিচার প্রকাশ করা যেতে পারে। বাজেট বরাদ্দ দিলে সুচারু রুপে এই কার্যক্রম গ্রহন করা যেতে পারে।

(ঝ) ডিএফপি: তিনি জানান সচিত্র বাংলাদেশ, নবারুন, বাংলাদেশ কোয়াটারলী, বুকলেট, ভিউকার্ড এর মাধ্যমে বাজেট প্রাপ্তি সাপেক্ষে সচেতন করা যেতে পারে।

(ঞ) সেন্সর বোর্ড: সেন্সর বোর্ডের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ে আলোচনা সভা করা যেতে পারে।

(ট) বাসস: বাসস এর অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে সকল ঘটনাবলির সংবাদ সংগ্রহ পূর্বক প্রতিবেদন আকারে প্রনয়ন করা হয়েছে যা গুরুত্ব সহকারে বিভিন্ন সংবাদপত্র, ইলেকট্রনিক্স মিডিয়া এবং বিদেশী বিভিন্ন গণমাধ্যমের নিকট প্রেরণ করা হয়েছে যা গুরুত্ব সহকারে বিভিন্ন পত্রপত্রিকা ও ইলেকট্রনিক্স গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। বাজেট পাওয়া গেলে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক সংক্রান্ত সংবাদ সরবরাহ পরিবেশন ও সংবাদের মান বৃদ্ধির জন্য সংস্থার সাংবাদিকসহ অন্যান্য গণমাধ্যমের সাংবাদিকদের অটিজম ও স্নায়ুবিকাশের সমস্যা ও সম্ভাবনা সংক্রান্ত ধারনা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষন প্রদান করে তাদের দক্ষ করে গড়ে তোলা।

সভাপতি সকল বক্তাদের বক্তব্য শোনার পর বলেন, তথ্য মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/অধিদপ্তর/সংস্থা যে সকল Resource আছে তার মাধ্যমে নিজস্ব বাজেটে অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা বিষয়ক কার্যক্রম চালিয়ে যেতে হবে। এছাড়া অটিজমের উপর নতুন নতুন অনুষ্ঠান নির্মান/কার্যক্রম গ্রহন করতে হলে সীমিত পরিসরে পাঁচ বছরের জন্য (পূর্বে প্রেরিত ছক অনুসারে) বছর ভিত্তিক Action Plan প্রস্তুত করে প্রেরনের জন্য অনুরোধ জানানো হয়।

**বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়। যথাঃ-**

- Autism এবং Action Plan prepare বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন।
- নিজস্ব বাজেটে চলমান/বিদ্যমান কার্যক্রম অত্র মন্ত্রণালয়কে অবহিত করা।
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা সমাজকল্যাণ মন্ত্রণালয় টিভিসি বা সিডি সরবরাহ করলে প্রচার করা।
- ২০১৬-২০ অর্থ বৎসরের Action Plan প্রনয়ন।
- কার্যবিবরনী প্রাপ্তির তিন(০৩) কার্যদিবসের মধ্যে Action Plan তথ্য মন্ত্রণালয়ে দাখিল করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ ইব্রাহিম খলিল)
যুগ্মসচিব
তথ্য মন্ত্রণালয়